

খাদ্য অধিদপ্তরের ২০১৮-২০১৯ অর্থ বছরের উদ্ভাবনী উদ্যোগ/ধারণার তালিকা

২০১৮-২০১৯ অর্থ বছরের প্রাপ্ত উদ্ভাবনী উদ্যোগ/ধারণার যাচাই-বাছাই পূর্বক তালিকা প্রকাশ করা হলো। ইনোভেশন কমিটির উক্ত ধারণাসমূহ আরো যাচাই বাছাইপূর্বক বাস্তবায়নের উদ্যোগ গ্রহণে সহায়তা করবে। উক্ত তালিকা প্রকাশে মহাপরিচালক, খাদ্য অধিদপ্তরের অনুমোদন রয়েছে।

ক্রঃ নং	প্রাপ্ত আইডিয়া	কার্যক্রম	প্রাপ্ত দপ্তরের নাম ও স্মারক নং
১.	জেলা সদরে সিএসডি/এলএসডি গেইটের মুখে খাদ্য বিভাগের নিজস্ব তত্ত্বাবধানের ওএমএস কেন্দ্রের মাধ্যমে বিক্রি	ওএমএস কর্মসূচি আরো জনমুখি, কার্যকর ও স্বচ্ছতার সাথে পরিচালনার নিমিত্তে জেলা সদরে সিএসডি/এলএসডি গেইটের মুখে খাদ্য বিভাগের নিজস্ব তত্ত্বাবধানের ওএমএস কেন্দ্রের মাধ্যমে চাল/আটা বিক্রি	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ১৪/০৮/২০১৮ তারিখের ৩৬৫৭নং স্মারক।
২.	চলাচলসূচি পরিবীক্ষণ সহজিকরণ	প্রেরক ও প্রাপক কেন্দ্র হতে পণ্য প্রেরণ ও প্রাপ্তির অব্যাহতির পর তথ্য সংবলিত টেক্স ম্যাসেজ প্রেরক ও প্রাপক কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তাসহ সূচি জারিকারী কর্তৃপক্ষকে অবহিত করবেন। ফলে সূচিকৃত পণ্য প্রাপক কেন্দ্রে পৌঁছানো নিশ্চিত করা দ্রুত সম্ভব হবে এবং Stock-in-transit যাচাই সহজ হবে।	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর এর ২৭/০৮/২০১৮ তারিখের ২২০৭ নং স্মারক।
৩.	আশুগঞ্জ সাইলোতে লোকবলের জন্য কর্মানুযায়ী কুঁকিপূর্ণ কাজ সম্পাদনের ক্ষেত্রে ফরম পূরণ পূর্বক কার্য সম্পাদন;	আশুগঞ্জ সাইলোর গম গ্রহণ ও প্রেরণ কার্যক্রম স্বাভাবিক রাখা এবং কর্মরত কর্মকর্তা/কর্মচারী ও দৈনিক হাজিরা ভিত্তিক লোকবলের জীবনের নিরাপত্তার স্বার্থ রক্ষা হবে।	আশুগঞ্জ সাইলো, ব্রাহ্মণবাড়ীয়ার ১৩/০৮/২০১৮ তারিখের ৭৬৬নং স্মারক।
৪.	খাদ্যশস্যের প্যাকেটে মূল্য ও উৎপাদনের তারিখ উল্লেখ বাধ্যতামূলক করণ	দেশের সকল মিলার এবং খাদ্যশস্য ব্যবসায়ীদের চাল ও আটার বস্তায় মূল্য ও মেয়াদ উল্লেখকরণ বাধ্যতামূলক করে পরিপত্র জারীকরণ।	জেলা খাদ্য নিয়ন্ত্রক, মুন্সীগঞ্জ এর ১৬/০৮/২০১৮ তারিখের ১২২৩ নং স্মারক।
৫.	ওএমএস কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা আনয়ন	ক) ওএমএস ডিলারদের নাম, বিক্রয়কেন্দ্রের অবস্থান, মোবাইল নম্বর এবং অভিযোগ প্রদানের জন্য জেলা খাদ্য নিয়ন্ত্রকের ফোন নম্বর সম্বলিত কার্ড তৈরী করা (নমুনা সংযুক্ত)। খ) ডিলারদের ব্যবসা নিয়মিতকরণ গ) গলির ডি তরে অবস্থিত, সে সকল দোকানের মূল রাস্তায় দিক নির্দেশক চিহ্ন সম্বলিত সাইনবোর্ড স্থাপন করা। ঘ) বিক্রয়কেন্দ্র হতে ৫ কেরিজর ব্যাগ সরবরাহকরণ।	
৬.	লাইসেন্স সেবা সপ্তাহ চালুকরণ	ক) প্রতিবছর জুন মাসের যে কোন একটি সপ্তাহ-কে সেবা সপ্তাহ হিসেবে বিবেচনায় এনে ব্যবসায়ী, ডিলার ও মিলারদের আঞ্চলিক লাইসেন্স ও তথ্য সেবা প্রদান করা। খ) উন্নত মানের কাগজে লাইসেন্স ফরম ছাপানো। গ) ফরমের মেয়াদ নির্ধারণ করা, ঘ) ফরমে নবায়নের সীল, স্বাক্ষর প্রদানের জন্য জায়গা নির্ধারণ	
৭.	(ক) মিলভিত্তিক বিভাজিত বরাদ্দের তথ্য মিলারদের নিকট প্রেরণের মাধ্যমে সংগ্রহ চুক্তিসহজীকরণ; (খ) কেন্দ্রীয়ভাবে সড়কপথে দ্রুত খাদ্যশস্য পরিবহন নিশ্চিতকরণ;	(ক) মিলারদের শুল্ক বরাদ্দের তথ্য জানতে বারবার উত্থানি বা জেখানি দপ্তরে আসতে হবে না। ফলে ভোগান্তি কমবে। তথ্যের প্রবাহ নিশ্চিত হবে। মিলারদের প্রস্তুতি সময় বাড়বে। (খ) মোবাইলে মেসেজ প্রদানের মাধ্যমে প্রেরক কেন্দ্র, প্রাপক কেন্দ্র ও ঠিকাদারদেরকে সূচি সম্পর্কে দ্রুততম সময়ে অবহিত করা হবে। মোবাইলে উল্লিখিত সময়ের মধ্যেই ঠিকাদারকে যানবাহন ভাড়া করে প্রেরণ কেন্দ্রে পৌঁছাতে হবে। প্রেরণ কেন্দ্র বোঝাই শেষে সেখানকার ভারপ্রাপ্ত কর্মকর্তা/ম্যানেজার (সিএসডি)/সাইলো অধীক্ষক চসসা বিভাগ ও প্রাপক কেন্দ্রে এসএমএস দিবেন। একইভাবে প্রাপক কেন্দ্রের কর্মকর্তা খালাসের পূর্বে ও পরে চসসা বিভাগ ও প্রেরক কেন্দ্রের কর্মকর্তাকে মোবাইল মেসেজের মাধ্যমে অবহিত করবেন। ফলে সুনির্দিষ্ট সময় সীমার মধ্যে গমন, বোঝাই, পরিবহন ও খালাস করার নিশ্চয়তা বিধান করা সম্ভব হবে।	ছুটি রিসোর্ট, গাজীপুরে ০৮-১২, মে ২০১৮ইং তারিখে ০৫ দিনের প্রশিক্ষণে প্রাপ্ত উদ্ভাবনী আইডিয়া।
	(গ) খাদ্য অধিদপ্তরের কর্মচারীদের বিভিন্ন প্রকার ছুটি ও পাসপোর্ট NOC প্রদান সহজীকরণ;	(গ) একাধিক পরিচালকের মাধ্যমে একই কাজ সম্পাদন পরিহার করার জন্য পরিচালক (প্রশাসন) অথবা আবেদনকারীর সংশ্লিষ্ট পরিচালক যে কোন একজন পরিচালকের মাধ্যমে আবেদন মহাপরিচালকের নিকট উপস্থাপন করা হলে, আবেদনকারী কম সময়ে ছুটি মঞ্জুরী/NOC পাবে এবং ভোগান্তি কমবে। সময়, খরচ ও ভিজিটের সংখ্যা হ্রাস পাবে।	
	(ঘ) অনলাইনের মাধ্যমে ২ দিন মিল লাইসেন্স নবায়ন।	(ঘ) জুন মাসের ৩০ তারিখের মধ্যে পরবর্তী অর্থবছরের জন্য লাইসেন্স নবায়নের বাধ্যবাধকতা রয়েছে। এক্ষেত্রে মে মাসের প্রথম সপ্তাহের মধ্যে জেলা খাদ্য নিয়ন্ত্রকের ওয়েবসাইটে লাইসেন্স নবায়নের জন্য নোটিশ দেয়া, অনলাইনে আবেদন গ্রহণ, প্রাপ্ত আবেদন অফিস কর্তৃক দ্রুত বাছাই এবং এসএমএস এর মাধ্যমে মিলারদেরকে লাইসেন্স নবায়নের তথ্য দেয়া।	

২৬/০৮/১৮
মঞ্জুর আলিম
সিস্টেম এনালিস্ট
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট
খাদ্য অধিদপ্তর, ঢাকা।